দৈনিক বাংলা

...010

তারিখ ... ৪।৯।৮৭ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 

তথ্য ও ... গ্রন্থাগার

# আজ সাক্ষরতা দিবস

আজ বৃহস্পতিবার সারা দেশে অষ্টাদশ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হচ্ছে।

এ উপলক্ষে ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে বিভিন্ন কর্মসূচী গৃহীত হয়েছে।

উল্লেখ্য, ইউনেস্কোর উদ্যোগে প্রতিবছর ৮ই সেপ্টেম্বর বিশ্বব্যাপী সাক্ষরতা দিবস উদযাপিত হয়ে থাকে।

জাতিসংঘের এক তথ্য অনুযায়ী সারাবিশ্বে নিরক্ষর লোকের সংখ্যা কমপক্ষে ৮৫ কোটি। বিশেষজ্ঞদের মতে, বর্তমান শতাব্দীর শেষ নাগাদ কেবলমাত্র এশিয়া, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার দেশসমূহে নিরক্ষর লোকের সংখ্যা দাঁড়াবে প্রায় ৯০ কোটিতে।

বাংলাদেশে এবছর জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় ১০টি বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান কর্মসূচী নিয়েছে সাক্ষরতা দিবস পালনের জন্য।

এসব কর্মসূচীর মধ্যে রয়েছে আলোচনা সভা, সাক্ষরতা অভিযান সাক্ষরতা বিষয়ক পুস্তক প্রদর্শনী, কর্মশালা ইত্যাদি। উদ্যোক্তাদের মধ্যে রয়েছে জাতিসংঘ তথ্য কেন্দ্র, বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন, পল্লী সম্পদ ব্যবহার শিক্ষাকেন্দ্র, মসজিদ সমাজ, ইসলামিক

(৫-এর পৃঃ দ্রঃ)

# সাক্ষরতা দিবস

(১ম পৃঃ পর)

ফাউন্ডেশন, খিলগাঁও মডেল কলেজসহ বিভিন্ন সমাজকল্যাণ ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান।

জাতীয় সমবায় ইউনিয়নের কর্মসূচী শুরু হয়েছে ১লা সেপ্টেম্বর থেকে বিভিন্ন এলাকায় সাক্ষরতা অভিযান সূচনার মধ্য দিয়ে।

আজ বৃহস্পতিবার দিনের মূল কর্মসূচী শুরু হবে খিলগাঁও মডেল কলেজ প্রাঙ্গণে সকাল ৯টায়। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন সমবায় সমিতি সমূহের নিবন্ধক সৈয়দ রেজাউল হায়াৎ।

জাতিসংঘ তথ্য কেন্দ্রে বিকেল সাড়ে ৫টায় আলোচনা সভা। প্রধান অতিথি বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব জনাব আবদুল্লাহ আল মুতি শরফুদ্দিন। সকাল ১১টা থেকে শুরু হবে সাক্ষরতা ও শিক্ষা বিষয়ক উপকরণাদির প্রদর্শনী।

লায়ন্স ক্লাব অব ঢাকা সেন্ট্রাল বিকেল ৩টায় বনানী বয়স্ক শিক্ষা কেন্দ্রে এক অনুষ্ঠানের আয়োজন করেছে। জাতিসংঘ সমিতির আলোচনা সভা সকাল ১১টায় শহীদুল্লাহ কলেজ মিলনায়তনে বিকেল ৪টায়, মীরপুর শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠে।

ক্রিসেন্ট সোসাইটির আলোচনা সভা বিকেল সাড়ে ৫টায়। সংগঠনের ২৫, পুরানা পল্টনস্থ কার্যালয়ে। জাতীয় তরুণ সংঘের আলোচনা সভা সকাল ১০টায় সংগঠনের কার্যালয়ে।

মসজিদ সমাজের এক বিজ্ঞপ্তিতে জানান হয়েছে যে মসজিদ সমাজ এ পর্যন্ত প্রায় দু হাজার মসজিদ ভিত্তিক মক্তবে প্রায় দেড় লাখ ছেলেমেয়ে ও বয়স্কদের শিক্ষাদান করছে।